গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

স্মারক নং-৪৫.০.০০০০.১৪০.১১.০০৩.১৭- ১১৬৮

তারিখঃ ৩০ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ
১৫ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়ঃ শহীদ আহসান উল্লাহ মাস্টার জেনারেল হাসপাতাল, টঙ্গি, গাজীপুর কার্যালয়ের অফিস সহায়ক পদ রাজস্বখাতে নিয়োগ সংক্রান্ত।

সূত্রঃ অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-০৭.১৫৬.০১৫.৪৫.০০.১০.২০১৬-২৪৩, তারিখঃ০৩/০৭/২০১৯খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রাপ্ত পত্রে ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণ করা হল। প্রেরিত পত্রের আলোকে স্বাস্থ্য অধিদপ্তরাধীন শহীদ আহসান উল্লাহ মাস্টার জেনারেল হাসপাতাল, টঙ্গি, গাজীপুর কার্যালয়ের অফিস সহায়কের ০২টি পদ আউটসোর্সিং এর পরিবর্তে রাজস্বখাতে সৃজনের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তিঃ বর্ণনামতে

৩০/৭/১৯
(শাহিনা খাতুন)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsb.gov.bd

বিতরণঃ
১। পরিচালক, শহীদ আহসান উল্লাহ মাস্টার জেনারেল হাসপাতাল, টঙ্গি, গাজীপুর।
২। উপসচিব (পার-৪), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

অনুলিপিঃ
১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)]।
২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১২.৮২.০০৩.১৭.১৩৫

তারিখ: ০৫ চৈত্র ১৪২৫
১৯ মার্চ ২০১৯

বিষয়: জন ভারাক্রান্ত ঢাকা জেলার জন্য জনসেবা কার্যক্রম সুষমকরণ।

ঢাকা মহানগরের প্রায় ১ কোটি জনসংখ্যাসহ ঢাকা জেলার মোট জনসংখ্যা (ভাসমান/uncounted সহ) প্রায় ১.৫ কোটি বলে বিভিন্ন উৎস কর্তৃক অনুমিত হয়েছে। এই জনসংখ্যা বাংলাদেশের সবচেয়ে ছোট জেলা মেহেরপুরের ২০ গুণ; এবং গাজীপুর জেলার ৫ গুণ, কুমিল্লা জেলার ৩ গুণ, চট্টগ্রাম জেলার ২ গুণ, ময়মনসিংহ জেলার ৩ গুণ; কোনো কোনো জেলার ক্ষেত্রে ১০ থেকে ১৫ গুণ। অথচ মেহেরপুর জেলাসহ উল্লিখিত জেলাসমূহে জনগণকে সরকারি সেবা প্রদানের জন্য যে সকল প্রাতিষ্ঠানিক ও অবকাঠামোগত সুবিধাদি রয়েছে ঢাকা জেলায় তার চাইতে কিছুটা বেশি সুযোগ-সুবিধা থাকলেও জনসংখ্যানুপাতে তা কোনোভাবেই যথেষ্ট নয়। ২০৩০ সনের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্য (SDG) অর্জন এবং ২০৪১ সালের মধ্যে উন্নত দেশের পর্যায়ে পৌঁছানোর লক্ষ্যে যেমন মানসম্মত নাগরিক সেবা সরবরাহ নিশ্চিত করতে হবে, তেমনি কর্মপ্রাপ্তির লক্ষ্যে ঢাকামুখী জনস্রোত রোধ এবং ঢাকা শহরের যানজট নিরসনকল্পে কমপক্ষে বিভাগীয় শহরগুলোতে ঢাকা শহরের ন্যায় কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে হবে। কারণ, জনসংখ্যার ঘনত্বের দিক দিয়ে ঢাকায় প্রতি বর্গকিলোমিটারে সবচেয়ে বেশি জনসংখ্যার বসবাস।

০২। জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা বর্তমানে মুক্তিযোদ্ধাদের ভাতা বিতরণ ও সনদ যাচাই-বাছাই সংক্রান্ত কাজ; বেসামরিক প্রশাসনে কর্মরতদের মৃত্যুজনিত অনুদান; বিভিন্ন দুর্যোগ মোকাবেলা; সার ডিলার নিয়োগ; ক্ষুদ্র নৃ-গোষ্ঠির সনদ প্রদান; প্রবাসীদের বৈবাহিক তথ্য ও অভিযোগ নিষ্পত্তি; M ক্যাটাগরির ভিসা তদন্ত; আগ্নেয়াস্ত্র ও বিস্ফোরক পদার্থের লাইসেন্স দেওয়া; যাবতীয় সরকারি, আধাসরকারি, বেসরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের অনাদায়ি রাজস্ব আদায়; অধিগ্রহণকৃত ভূমির এওয়ার্ড তৈরি ও ক্ষতিপূরণ প্রদান; ইট পোড়ানোর লাইসেন্স ইস্যু ও নবায়ন; আবাসিক হোটেল ও রেস্তোরাঁ নিবন্ধন ও লাইসেন্স ইস্যু; সিনেমা হলের অনাপত্তি সনদ ও লাইসেন্স, এসিড ব্যবহার ও বিক্রয়ের লাইসেন্স, জুয়েলারি ডিলারের লাইসেন্সসহ বিভিন্ন ধরনের লাইসেন্স ইস্যু/নবায়ন; শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনসহ বিভিন্ন পাবলিক পরীক্ষা পরিচালনা; কৃষি, অকৃষি, অর্পিত, পরিত্যক্ত, বিনিময় জমিসহ বিভিন্ন সায়রাত মহলের দেখভাল; ট্রেজারি ও রাজস্ব সংক্রান্ত কাজ; প্রকাশনা সংক্রান্ত কাজ; দলিল অবমূল্যায়ন ও সার্টিফিকেট মামলার কাজ; স্থানীয় সরকার ও এনজিও সংক্রান্ত কাজ; আইনশৃঙ্খলা ও প্রটোকল সংক্রান্ত কাজসহ বিভিন্ন প্রকৃতির কর্মসম্পাদন করে থাকে। কাজের পরিধি বিবেচনায় বাংলাদেশের অন্য যে কোনো জেলার চেয়ে জেলাপ্রশাসকের কার্যালয় ঢাকায় কাজের পরিধি অনেক ব্যাপক। তাই, যথাযথ নাগরিক সুবিধা প্রদানের জন্য জেলাপ্রশাসকের কার্যালয়, ঢাকায় অন্য যে কোনো জেলা হতে বেশি জনবল এবং অবকাঠামো প্রয়োজন মর্মে প্রতীয়মান হয়।

০৩। এই বিপুল (১.৫ কোটি) জনসংখ্যাকে উল্লিখিত সেবাসহ অন্যান্য নির্ধারিত ও অনির্ধারিত সেবা দিতে গিয়ে জেলা প্রশাসনের কর্মচারীরা হিমশিম খাচ্ছেন। অথচ এই সেবার দিকটি বিবেচনায় নিয়ে পুলিশের জনবল ও অবকাঠামো যথেষ্ট পরিমাণে বৃদ্ধি করা হয়েছে। তাই, এই বিপুল জনসংখ্যার চাহিত সেবা নিশ্চিত করতে হলে ভূমি রাজস্বসহ অন্যান্য সরকারি সেবা-সংশ্লিষ্ট জনবল ও অবকাঠামো বৃদ্ধি করা একান্তই আবশ্যক।

C:\Users\user\Desktop\Running Note & Letter\02. Letter.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

স্মারক নং-৪৫.০.০০০০.১৪০.১১.০০৩.১৭- ১১৬৭

তারিখঃ ৩০ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ
১৫ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়ঃ স্বাস্থ্য সেবা বিভাগের অধীনস্থ শহীদ আহসান উল্লাহ মাস্টার জেনারেল হাসপাতাল, টঙ্গি কার্যালয়ে ২০১৯-২০২০ অর্থ বছরের জন্য আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদন।

সূত্রঃ অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপন-৬ এর স্মারক নং- ০৭.১৫৬.০১৫.৪৫.০০.১০.২০১৬-২৪৪, তারিখঃ ০৩/০৭/২০১৯খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগের নিয়ন্ত্রণাধীন শহীদ আহসান উল্লাহ মাস্টার জেনারেল হাসপাতাল, টঙ্গি কার্যালয়ে পরিস্কার পরিচ্ছন্নতা ও সার্বক্ষণিক সেবা নিশ্চিতকরণার্থে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী ২০১৯-২০২০ অর্থ বছরের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিম্নোক্ত ৫৬ জন সেবা কর্মীর সেবা ক্রয়ের নিমিত্ত সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলোঃ

প্রতিষ্ঠানের নাম	ক্রমিক নং	সেবার ধরন	সেবা কর্মীর সংখ্যা
শহীদ আহসান উল্লাহ মাস্টার জেনারেল হাসপাতাল, টঙ্গী, গাজীপুর।	১	ল্যাবরেটরী এটেনডেন্ট	০৩
	২	ওটিবয়/ওটি এটেনডেন্ট	০৩
	৩	স্ট্রেচার বেয়ারার	০২
	৪	ওয়ার্ড বয়	১০
	৫	আয়া	০৭
	৬	বাবুর্চি/সহকারী বাবুর্চি	০৩
	৭	ইলেকট্রিশিয়ান	০১
	৮	মালী (সহকারী গার্ডেনার)	০২
	৯	নিরাপত্তা প্রহরী	০৯
	১০	পরিচ্ছন্নতা কর্মী	১৬
			মোট ৫৬টি

শর্তাবলী:

(ক) আউট সোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর সেবা মূল্য সেবা প্রদানকারীর নিজ নামীয় ব্যাংক হিসাবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে ;

(খ) এ সেবা ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধি-বিধান অনুসরণ করতে হবে।

৩০/৭/১৯
(শাহিনা খাতুন)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsb.gov.bd

পরিচালক,
শহীদ আহসান উল্লাহ মাস্টার জেনারেল হাসপাতাল
টঙ্গি, গাজীপুর।

অনুলিপি:
১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃঃআঃ যুগ্মসচিব (ব্যয় ব্যবস্থাপনা-৬)]।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী, ঢাকা [দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)]।
৩। যুগ্মসচিব (বাজেট-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।